

## প্রেসিডেন্ট নির্বাচনে ভোটার সংখ্যা

125

(স্টাফ রিপোর্টার)

বর্তমানে প্রচলিত ভোটার তালিকা অনুযায়ী আগামী ওরা জনৈক প্রেসিডেন্সিয়াল নির্বাচন অনুষ্ঠিত হবে বলে নির্বাচন কমিশনের এক বিজ্ঞপ্তিতে প্রকাশ।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, বর্তমানে দেশে রেজিস্ট্রিকৃত ভোটারের সংখ্যা হচ্ছে ৩ কোটি ৮৪ লাখ ৮৬ হাজার ২৪৭। এর মধ্যে শতকরা ৫২ জন হচ্ছেন পুরুষ এবং ৪৮ জন মহিলা ভোটার।

মোট ভোটারের মধ্যে পাল্লী অঞ্চলে বসবাসকারী ভোটারের সংখ্যা হচ্ছে ৩ কোটি ৫৮ লাখ ৮৫ হাজার ২৪৮। (এর মধ্যে ১ কোটি ৮৫ লাখ ৯১ হাজার ৪৬২ জন হচ্ছেন পুরুষ এবং ১ কোটি ৭২ লাখ ৯০ হাজার ৩৮৬ জন মহিলা)।

শহরগুলোর ভোটার সংখ্যা হচ্ছে ২৬ লাখ ৯৯৯ জন। এর মধ্যে মহিলা ১০ লাখ ৩৫ হাজার ৭৫৫ এবং পুরুষ ১৬ লাখ ৬৫ হাজার ২৪৪)।

জেলাওয়ারী ভোটারের সংখ্যা নীচে দেয়া হলো :

রাংপুর—২৮,০৭,৭৪২

দিনাজপুর—১৪,২০,২৪২

বগুড়া—১২,০৯,৭০৬

রাজশাহী—২৬,৯০,২৪০

পাবনা—১৪,৫৪,১৭৯

ফরিদপুর—১,০৬,৯৭৭

কুমিল্লা—১৬,৮৬,০২০

খুলনা—১৮,৫০,১০৮

পটুয়াখালী—৮,৯৪,১৯৬

বাকেরগঞ্জ—২১,৪৮,২৪২

টাঙ্গাইল—১০,৭০,০৬০

ময়মনসিংহ—৪০,০৭,৮৫৪

ঢাকা—৪১,৪৫,০৩৬

ফরিদপুর—২২,৯৫,২১৮

সিলেট—২৬,১৯,০২০

কুমিল্লা—৩২,৮৯,৯৬৭

নোয়াখালী—১৭,৫২,৭৬১

চট্টগ্রাম—২৪,০৭,৮২৪

পার্বত্য চট্টগ্রাম—২,৯৬,৪৪১

বিভাগওয়ারী ভোটার সংখ্যা হচ্ছে যথাক্রমে রাজশাহী—১০ লক্ষ ৮৫ হাজার ১০৯, খুলনা—৭৫ লক্ষ ১৬ হাজার ৫৭১, ঢাকা—১ কোটি ১৫ লক্ষ ১৮ হাজার ২৫১ এবং চট্টগ্রাম—১ কোটি ৩ লক্ষ ৬৬ হাজার ৩১৬।

সকল মহকুমা সদরের নির্বাচন অফিসারের দফতরে ভোটার তালিকা পাওয়া যাচ্ছে। কোন প্রার্থী কিংবা তার এজেন্টগণ এই ভোটার তালিকা নির্ধারিত মতো কিনতে পারবেন। এজন্য নির্বাচন অফিসারের কাছে লিখিতভাবে আবেদন করার অনুরোধ জানানো হয়েছে। ভোটার তালিকার প্রতি পৃষ্ঠার দাম ২৫ পয়সা এবং পুরো মহকুমার ভোটার তালিকা সম্বলিত একটি সেট সম্পূর্ণ কিনতে হবে।

নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, মোট ২১ হাজার ৪৮৬টি ভোট কেন্দ্রের ৬৩ হাজার ৫০২টি বুথে ভোট গণণের ব্যবস্থা করা হবে।